

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৬৪

আগরতলা, ৯ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪ : মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয়ে সর্বদলীয় সভা  
অবাধ ও সম্পূর্ণ ভয়মুক্ত পরিবেশে ভোট সম্পন্ন করার  
উদ্যোগ নেওয়া হয়েছে : মুখ্য নির্বাচন আধিকারিক**

রাজ্যের দুটি লোকসভা কেন্দ্র ও ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোটগ্রহণ পর্ব অবাধ, নিরপেক্ষ ও সম্পূর্ণ ভয়মুক্ত পরিবেশে সম্পন্ন করার উদ্যোগ নিয়েছে মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয়। নির্বাচন কমিশনের লক্ষ্য সম্পূর্ণ ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ ও ভোটদানের হার বৃদ্ধি করা। আজ রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয়ে এক সর্বদলীয় সভায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল একথা বলেন। সর্বদলীয় সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণের মধ্যে ভারতীয় জনতা পার্টির পক্ষে মৃগাল কান্তি নাথ ও বলাই গোস্বামী, ভারতীয় জাতীয় কংগ্রেসের পক্ষে প্রশান্ত সেন চৌধুরী, ভারতের কমিউনিস্ট পার্টি (মার্ক্সবাদী) পক্ষে হরিপদ দাস ও রাখাল মজুমদার, তিপরা মথা দলের পক্ষে রমেশ দেববর্মা ও লামা দেববর্মা, আইপিএফটি দলের পক্ষে অমিত দেববর্মা, এসইউসিআই দলের পক্ষে মলিন দেববর্মা, আরএসপি দলের পক্ষে দীপক দেব, আমরা বাঙালি দলের পক্ষে গীতাঞ্জলি দাস উপস্থিত ছিলেন। তাছাড়াও সভায় রাজ্য পুলিশের নোডাল অফিসার জি এস রাও, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উসা জেন মগ, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন।

সভায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল জানান, ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে রাজ্যের বিভিন্ন স্থানে পুলিশ টহল চলছে। তাছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে নাকা পয়েন্ট তৈরি করে অবৈধ গতিবিধি রুখতে ব্যবস্থা নেওয়া হয়েছে। সভায় মুখ্য নির্বাচন আধিকারিক আদর্শ আচরণবিধি মেনে চলার জন্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। সভায় তিনি জানান, নির্বাচন সংক্রান্ত যে কোনও ধরনের অভিযোগ জমা পড়লে তা সমাধানে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামীকাল ও ১২ এপ্রিল ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচন ক্ষেত্র ও ৭-রামনগর বিধানসভার উপনির্বাচনে দিব্যাঙ্গজন, ৮৫ বছরের উর্ধ্ব ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে ভোটগ্রহণ করা হবে। তিনি জানান, সুষ্ঠুভাবে ভোটগ্রহণের জন্য ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্র ও ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের ভোটগ্রহণের ৭২ ঘন্টা আগে আন্তর্জাতিক সীমানা সিল করা হবে। সভায় মুখ্য নির্বাচন আধিকারিক জানান, সাধারণ নির্বাচন চলাকালীন সময়ে ১৯ এপ্রিল, ২০২৪ সকাল ৭টা থেকে ১ জুন, ২০২৪ সন্ধ্যা ৬টা ৩০মিনিট পর্যন্ত এক্সিট পোল ও ওপিনিয়ন পোল প্রচার বন্ধ থাকবে। সভায় রাজ্য পুলিশের নোডাল অফিসার জি এস রাও জানান, রাজ্য অবাধ ও শাস্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করতে ১০০ কোম্পানি কেন্দ্রীয় আধাসামরিক বাহিনী ও পুলিশ কাজ করছে।

\*\*\*\*\*